

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং-২৬.০৩.০০০০.০০২.৫০.৫২৯.১৯

৯৫৬২

তারিখঃ ০৫/০২/২০২০ খ্রি:

ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড
কর্পোরেট অফিস: জেড এন টাওয়ার, প্লট নং-২
রোড নং-৮, গুলশান-১, ঢাকা-১২১২।

বিষয়ঃ ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড-এর অনুকূলে “৪৬ টি নিয়ন্ত্রিত পণ্য” আমদানির অনুমতি প্রদান প্রসংগে।

সূত্র-১। বাবিউক চট্টগ্রাম, স্মারক নং- ০৩.০৮.০৫২৮.২২৯.০০.৩৩.২০০৭.০৩ তারিখ ০১-০১-২০২০ খ্রি:।

সূত্র-১। বাবিউক চট্টগ্রাম, স্মারক নং- ০৩.০৮.০৫২৮.২২৯.০০.৩৩.২০০৭.০২ তারিখ ০১-০১-২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনাদের “৪৬ টি নিয়ন্ত্রিত পণ্য” শিল্পখাতভুক্ত প্রতিষ্ঠানে উৎপাদনের কাঁচামাল বিদ্যমান আমদানি নীতি আদেশে নিয়ন্ত্রিত/শর্তযুক্ত পণ্যের অন্তর্ভুক্ত বিধায় আমদানি নীতি আদেশ ২০১৫-১৮ এর সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালন স্বাপেক্ষে ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড চট্টগ্রাম এর এর অনুকূলে নিম্নোক্ত শর্তে জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত সময়ের জন্য ৪৬ টি নিয়ন্ত্রিত পণ্য আমদানির অনুমতি প্রদান করা হলঃ-

শর্তাবলীঃ

- (ক) শিল্প প্রতিষ্ঠানকে উপরে বর্ণিত পণ্যসামগ্রী/কাঁচামাল আমদানির জন্য এল.সি খোলার পর বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে। পরবর্তীতে বর্ণিত নিয়ন্ত্রিত/শর্তযুক্ত পণ্য সামগ্রী কারখানায় নেয়ার পর এলসি এবং বিল অব এন্ট্রির কপি প্রতি ০৩(তিন) মাস অন্তর বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।
- (খ) বর্ণিত পণ্যসমূহ/কাঁচামাল পুনরায় আমদানির আবেদনের পূর্বে আমদানিকৃত কাঁচামালের ব্যবহার সম্পর্কে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রতিবেদন দাখিল না করলে পরবর্তীতে আবেদন বিবেচনা করা যাবে না।
- (গ) আমদানিকৃত সম্পূর্ণ কাঁচামাল শুধুমাত্র নিজস্ব কারখানায় অনুমোদিত পণ্য উৎপাদনের কাজে ব্যবহার করতে হবে।
- (ঘ) বর্ণিত পণ্য অনুমতি সময়সীমার মধ্যে অর্থাৎ জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে এলসি খোলার পর পরবর্তী ০৩(তিন) মাস অতিরিক্ত সময়ে মালামাল খালাস করতে পারবে।
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারের অন্যান্য কর্তৃপক্ষের যাবতীয় শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(মো: রেজাউল করিম)

নির্বাহী অফিসার

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।

eo1.ho@ccie.gov.bd


নং-২৬.০৩.০০০০.০০২.৫০.৮১৯.১৭

৯৫৬২/৪

তারিখঃ ০৬/০২/২০২০ খ্রি:

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

- ১। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ২। কমিশনার অব কাস্টমস (আমদানি), কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ৩। কমিশনার অব কাস্টমস কাস্টমস হাউস, বেনাপোল/চট্টগ্রাম, যশোর।
- ৪। ওয়েবসাইটের কপি।
- ৫। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।


০৬/০২/২০২০

(মো: রেজাউল করিম)

নির্বাহী অফিসার

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।